

## SHSAT টিকেট এখন পাওয়া যাচ্ছে

প্রিয় পরিবারবর্গ,

আপনার সন্তানের স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)-এর টিকেট এখন লভ্য আছে! এরপর যা করতে হবে তা হলো:

### 1. আপনার টিকেট সংগ্রহ করুন।

- আপনি অনলাইনে [MySchools.nyc account](#) অ্যাকাউন্ট-এর মাধ্যমে, আপনার স্কুল কাউন্সেলরের কাছ থেকে, কিংবা কোনও [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#)-এর সাথে যোগাযোগ করে আপনার টিকেটটি পেতে পারেন। আপনার পরীক্ষার টিকেটে আপনার সন্তানের পরীক্ষার তারিখ, উপস্থিত হওয়ার সময়, পরীক্ষার স্থান, এবং পরীক্ষায় বিশেষ ব্যবস্থা (প্রয়োজ্য হলে), ইত্যাদি তথ্য অন্তর্ভুক্ত থাকবে।
- পরীক্ষায় আপনার সন্তানের বিশেষ ব্যবস্থার কথা যদি বিদ্যমান না থাকে, তাহলে সাথে সাথে আপনার স্কুল কাউন্সেলরের সঙ্গে কথা বলুন। পরীক্ষায় বিশেষ সুবিধার ব্যবস্থা সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে [আমাদের ওয়েবসাইট](#) দেখুন।
- যদি আপনি আপনার টিকেট প্রিন্ট করতে পারেন, তবে অনুগ্রহ করে সেটা প্রিন্ট করে পরীক্ষা কেন্দ্রে নিয়ে আসুন। যদি আপনি আপনার টিকেট প্রিন্ট করতে পারেন, তবে আপনি সেটা প্রদর্শন করার জন্য মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন। এবং যদি আপনি আপনার টিকেট হারিয়ে ফেলেন (অথবা সেটা ফোনে দেখাতে না পারেন), এতেও কোনো অসুবিধা নেই—তার পরও পরীক্ষা দেওয়া যাবে!

### 2. কখন পরীক্ষা কেন্দ্রে পৌঁছাতে হবে তা জানুন।

- অষ্টম (8) গ্রেডের শিক্ষার্থীদের পরীক্ষা হবে তাদের বর্তমান DOE পাবলিক স্কুলে:** অনুগ্রহ করে আপনার স্কুলের নিয়মিত উপস্থিতির সময়ে উপস্থিত হবেন, যদি না আপনার স্কুল থেকে ভিন্ন কিছু বলা হয়।
- সপ্তাহান্তে (উইকএন্ড) যেসব শিক্ষার্থী পরীক্ষা দেবে, তাদের উপস্থিত হবার সময়: 8am**

অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, এই উপস্থিতির সময় আপনার সন্তানের পরীক্ষা শুরুর **সময় নয়**। পরীক্ষার দিন, প্রতিটি শিক্ষার্থীকে তার পরীক্ষা কক্ষ (রুম)ে অবশ্যই কেউ নিয়ে যেতে হবে, বিস্তারিত নির্দেশনা শুনতে হবে, এবং পরীক্ষা শুরুর আগে নথিপত্র (পেপারওয়ার্ক) পূরণ করতে হবে। সকল শিক্ষার্থী উপস্থিত হবার সময় থেকে এক ঘন্টা বা তার বেশি সময় পরে পরীক্ষা শুরু করার প্রত্যাশা করতে পারে।

### 3. প্রস্তুতির জন্য এই তিনটি পদক্ষেপ গ্রহণ করুন।

- পরীক্ষা কেন্দ্রে যাতায়াতের ব্যবস্থা ঠিক করে রাখুন।
- পরীক্ষার আগের রাতে ভালভাবে ঘুমান এবং সকালে ব্রেকফাস্ট খেয়ে নিন।
- পরীক্ষা কেন্দ্রে নিয়ে যাওয়ার জন্য ম্যাক ও পানি প্যাকেট করে রাখুন। লক্ষ্য রাখবেন, শিক্ষার্থীরা পরীক্ষার সময় খেতে পারবে না। এবং আপনার মাস্ক-এর কথা ভুলবেন না!

কোনো প্রশ্ন আছে কি? আরও জানতে আগ্রহী? [আমাদের ওয়েবসাইট](#) দেখুন বা 718-935-2009 নম্বরে ফোন করুন।

ধন্যবাদ এবং পরীক্ষার জন্য শুভকামনা!

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট